

১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারা জারীর আদেশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ ও ২০১৭ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) পরীক্ষা আগামী ২৪/১১/২০১৯ তারিখ হতে ২৭/০১/২০২০ তারিখ পর্যন্ত রাঙ্গামাটি সরকারি কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে গ্রহণের নিমিত্ত পরীক্ষা কেন্দ্রে স্বাভাবিক, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা প্রয়োজন।

এমতাবস্থায়, আমি মোঃ নুরুল হদা, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা এ মর্মে আদেশ প্রদান করছি যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ ও ২০১৭ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) পরীক্ষা আগামী ২৪/১১/২০১৯ তারিখ হতে ২৭/০১/২০২০ তারিখ পর্যন্ত রাঙ্গামাটি সরকারি কলেজ কেন্দ্রে পরীক্ষা চলাকালীন বেলা ০১.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারা বলবৎ থাকবে। ফৌজদারী কার্যবিধি ১৪৪ ধারা বলবৎ থাকাকালীন পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে পরীক্ষা পরিচালনার সাথে সম্পর্কিত নয় এরূপ ব্যক্তিবর্গের চলাচল, সকল প্রকার সমাবেশ, আগ্নেয়াস্ত্র বা যে কোন ধরনের মারাত্মক অস্ত্র-শস্ত্র বহন বা কোন প্রকার লাঠি-সোটা বহন, হট্টগোল ও উচ্চঃস্বরে মাইক বাজানো বা চিৎকার করা সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হলো।

অফিসার-ইন-চার্জ, কোতয়ালী থানা, রাঙ্গামাটি এ আদেশ যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করবেন।

অদ্য ২/১১/২০১৯ খ্রিঃ তারিখে আমার সীলমোহরসহ এ আদেশ জারী করা হলো।

(মোঃ নুরুল হদা)

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

রাঙ্গামাটি পার্বত্য জেলা

ফোন : ০৩৫১-৬৩১০২

তারিখ : ২০ নভেম্বর ২০১৯

স্মারক নং-০৫.৪২.৮৪০০.৪০২.০৮.০০১.১৮-১১৯৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (পদমর্যাদার ক্রমানুসারে নয়) :-

- ১। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি), রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৩। অধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৪। জেলা তথ্য অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা। তাঁকে উপরিউক্ত আদেশ/ঘোষণাটি আগামী ২৩/১১/২০১৯ খ্রিঃ তারিখে পরীক্ষা কেন্দ্রে আশে-পাশে মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
- ৫। অফিসার-ইন-চার্জ, কোতয়ালী থানা, রাঙ্গামাটি পার্বত্য জেলা। তাঁকে উপর্যুক্ত আদেশ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।
- ৬। জেলা প্রশাসকের গোপনীয় সহকারী, জেলা প্রশাসক মহোদয়কে সদয় অবহিতকরণের জন্য

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

রাঙ্গামাটি পার্বত্য জেলা

F'